47
আজকের কাগজ
তারিখ 23 APR 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ৭ ...

# ইউসেপ ২০ বছরে ৬০ হাজার শিক্ষার্থীকে কারিগরি ও সাধারণ শিক্ষা দিয়েছে

**কাগজ প্রতিবেদক :** স্বল্প সুযোগ প্রাপ্ত খেটে খাওয়া বালক-বালিকাদের জন্যে জীবনমুখী শিক্ষার ব্যবস্থা করেছে ইউসেপ নামের একটি বেসরকারি সংগঠন। ১৯৭২ সালে সংগঠনটির কার্যক্রম শুরু। দীর্ঘ ২০ বছরে প্রায় ৬০ হাজার শিক্ষার্থীকে সাধারণ ও কারিগরি শিক্ষা দেয়া হয়েছে। বর্তমানে ঢাকা, চট্টগ্রাম ও খুলনা শহরে ২২টি সাধারণ স্কুলে প্রায় ১২ হাজার শিক্ষার্থীকে সাধারণ শিক্ষা প্রদান করা হচ্ছে। শ্রমজীবী এসব শিশু-কিশোরদের শিক্ষার জন্যে আগামী ১৯৯৬ সাল নাগাদ ৫ বছর মেয়াদী কার্যক্রমের আওতায় আরো ১৩টি স্কুল নির্মিত হবে এবং এর ফলে প্রায় ১৯ হাজার ছাত্র-ছাত্রী শিক্ষার সুযোগ পাবে।

এই তথ্য জানিয়েছে ইউসেপ নেতারা। গতকাল জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে একথা জানান। সংবাদ সম্মেলনে উপস্থিত থেকে বিভিন্ন প্রশ্নের জবাব দেন ইউসেপ বোর্ড অব গভর্নরস চেয়ারম্যান মেজর জেনারেল (অবঃ) আমজাদ খান, পরিচালক প্রফেসর ডঃ আহমদুল্যাহ মিয়া। সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন অধ্যাপক হাফিজুল ইসলাম, ব্যারিস্টার আবুল মনসুর, ডঃ আবু হানিফ লতিফ, প্রফেসর কে এম মোহসীন, নিলুফার মাহমুদ, ডঃ ওয়াহিদুল হক প্রমুখ।

এক প্রশ্নের জবাবে ইউসেপ চেয়ারম্যান বলেন, এই প্রতিষ্ঠানে শিক্ষার্থীরা কারিগরি শিক্ষা গ্রহণ শেষে ৯৫ ভাগ শিক্ষার্থী চাকরি পাচ্ছে। ড্রপ আউটের হারও এখানে কম। অন্যদিকে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার বেশি। অন্য এক প্রশ্নের জবাবে জানানো হয়, ইউসেপ থেকে সাধারণ ও কারিগরি শ্রেণী থেকে পাস করে যাতে চাকরি নিশ্চিত করা যায় সে জন্যে কর্মসংস্থান কর্মসূচি হাতে নিয়েছে সম্প্রতি। এর ফলে আগামী ১৯৯৫ সাল নাগাদ প্রায় দেড় হাজার বালক-বালিকার কর্মসংস্থান সম্ভব হবে।

আগামী ২৯ এপ্রিল ইউসেপের ২০ বছর পূর্তি। এ উপলক্ষে ছাত্র-ছাত্রীদের র‍্যালী, সনদপত্র বিতরণ, ইউসেপের প্রতিষ্ঠাতা এ্যালান চেইনীর সমাধিতে পুষ্পার্ঘ্য অর্পণ, চেইনী হল উদ্বোধন, সিম্পোজিয়াম ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।